


যুগান্তর

আন্দোলনের সপ্তম দিনে ঝাড়ু মিছিল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভিসির অপসারণ দাবি : তদন্তে ইউজিসি প্রতিনিধি দল
* প্রধানমন্ত্রীকে খোলা চিঠি

প্রকাশ : ২৬ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 গোপালগঞ্জ প্রতিনিধি



গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) ভাইস চ্যান্সেলর (ভিসি) প্রফেসর ড. খন্দকার নাসির উদ্দিনের অপসারণের দাবিতে ক্যাম্পাসে ঝাড়ু মিছিল করেছেন শিক্ষার্থীরা।

আন্দোলনের সপ্তম দিন মঙ্গলবার সহস্রাধিক শিক্ষার্থী ঝাড়ু মিছিলে অংশ নেন। এদিকে ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একটি প্রতিনিধি দল গোপালগঞ্জে পৌঁছেছে।

বেলা সাড়ে ১১টার দিকে গুঁড়ি গুঁড়ি বৃষ্টির মধ্যে শিক্ষার্থীরা ঝাড়ু মিছিল বের করেন। প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে মিছিলটি গোটা ক্যাম্পাস প্রদক্ষিণ করে। ভিসির অপসারণের দাবিতে মিছিলকারীরা বিভিন্ন স্লোগান দেন। মিছিল শেষে প্রশাসনিক ভবনের সামনে সংবাদ সম্মেলন করা হয়। বিভিন্ন টেলিভিশন চ্যানেলে দেয়া ভিসির বক্তব্যের প্রতিবাদে আন্দোলনরত শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন করেন।

‘প্রেস সহযোগিতা না করলে দুই ঘণ্টায় সব ঝামেলা মিটিয়ে ফেলতে পারেন’- ভিসির এমন ঔদ্ধত্যপূর্ণ বক্তব্যের নিন্দা জানান তারা। সংবাদ সম্মেলনে মাস্টার্স শেষ বর্ষের (গণিত) ছাত্র আল গালিব বলেন, ভিসির অপসারণ না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন। কোনো হুঙ্কার ও ভয়ভীতি দেখিয়ে ন্যায়সঙ্গত ও যৌক্তিক আন্দোলন স্তব্ধ করা যাবে না। বরং যত হুমকি দেয়া হবে, নিরীহ শিক্ষার্থীদের ওপর হামলা করা হবে আন্দোলন তত বেগবান হবে। স্বৈরাচারী ভিসির পতনের পথ ত্বরান্বিত হবে। এদিকে আন্দোলনের সপ্তম দিন তিন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েন। দুইজনকে গোপালগঞ্জ জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বশেমুরবিপ্রবি ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি তদন্তে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পাঁচ সদস্যের প্রতিনিধি দল গোপালগঞ্জে এসেছে। আলমগীর হোসেনের নেতৃত্বাধীন দলের অন্য সদস্যরা হলেন- ড. সাজ্জাদ হোসেন, ড. দিল আফরোজা বেগম, মো. কামাল হোসেন ও মৌলি আজাদ। এদিকে ভিসির অপসারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করে খোলা চিঠি দিয়েছেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। তাদের দাবি জাতির পিতার নামে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ফিরিয়ে আনতে একমাত্র তার সুযোগ্যকন্যা শেখ হাসিনা যথাযথ পদক্ষেপ নিতে পারেন। জাতিসংঘের সাধারণ অধিবেশন থেকে প্রধানমন্ত্রী দেশে না ফেরা পর্যন্ত অধিকার আদায়ের আন্দোলন চালিয়ে যাবেন বলেও তারা চিঠিতে উল্লেখ করেন। আন্দোলনকারীদের বিশ্বাস প্রধানমন্ত্রী তাদের মায়ের মতো। তিনি তাদের দুঃখ-কষ্ট বুঝবেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।